



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং: ১০(২২৬)জাতীয়বি/রেজি/অ্যাকা/২০২৬/৩৩৭৩

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত
জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি
নথীভুক্ত নং: ৬২৪
সংরক্ষিত কার্যক্রম নং: ০১/০১/২০২৬
গ্রহণের তারিখ: ২৩/১২/২০২৫
মহোদয়

আবেদনের সর্বশেষ তারিখ: ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত
(ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র তালিকা পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হলো। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Honours অপশনে গিয়ে Honours Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং: ১০(২২৬)জাতীয়বি/রেজি/অ্যাকা/২০২৬/৩৩৮৮, তারিখ: ২০/১১/২০২৫ এ প্রকাশিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের সর্বশেষ তারিখ:	৩১/০১/২০২৬
খ)	আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার সর্বশেষ তারিখ:	০২/০২/২০২৬
গ)	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ:	০৩/০২/২০২৬
ঘ)	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফির জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ (আবেদনকারী প্রতি ৭০০/- (সাতশত) টাকা হারে) সংশ্লিষ্ট খাতে (ভর্তি খাত) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষে কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৪/০২/২০২৬ থেকে ১০/০২/২০২৬

ডাইন-চ্যান্সেলার মহোদয় এর অনুমোদনক্রমে

(ড. মো. আশেক কবির চৌধুরী)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

তারিখ: ২৩/১২/২০২৫

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০১/০১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন আগামী ৩১/০১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ইতোপূর্বে প্রকাশিত এ সংক্রান্ত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, ----- বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।